শিক্ষাগত প্রভাব সংক্রান্ত বিবৃতি: ইনভিক্টাস প্রিপেরাটরি চার্টার স্কুলের (84কে386) কে218 ভবনে বর্তমান স্থিত স্কুল জে.এই.এস. 218 জেমস পি সিনট এবং দ্য স্কুল ফর ক্লাসিক্স: চিন্তাবিদ, লেখক ও কৃতীদের শিক্ষাঙ্গন (19কে683),-এর সঙ্গে প্রস্তাবিত সহ-অবস্থানমূলক সম্প্রসারণ শুরু হচ্ছে 2014-2015-এ218 জেমস পি সিনট এবং দ্য স্কুল ফর ক্লাসিক্স

I. প্রস্তাবের সারাংশ

ইনভিক্টাস প্রিপেরাটরি চার্টার স্কুল (84কে386, "ইনভিক্টাস") একটি বিদ্যমান সরকারি চার্টার স্কুল যা পঞ্চম থেকে সপ্তম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান করে থাকে, এবং বর্তমানে পঞ্চম থেকে অষ্টম শ্রেণিতে উন্নীতকরণ প্রক্রিয়ারত, যা কে218 ("কে218") ভবনে হতে চলেছে যেটি 370 ফাউন্টেন এভিনিউ ব্রুকলিন এনওয়াই 11208-এ স্থিত সামুদায়িক বিদ্যালয় জিলা 19 ("জিলা 19")-এ অবস্থিত। ইনভিক্টাস সহাবস্থান করছে জে.এই.এস. 218 জেমস পি সিনট (19কে218, "জে.এইচ.এস. 218"), যা একটি বিদ্যমান পূর্ব-মাধ্যমিক বিদ্যালয় যেখানে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষাদান করা হয় এবং দ্য স্কুল ফর ক্লাসিক্স: চিন্তাবিদ, লেখক ও কৃতীদের শিক্ষাঙ্গন (19কে683, "দ্য স্কুল ফর ক্লাসিক্স"), যা একটি বিদ্যমান উচ্চ বিদ্যালয় যেখানে বর্তমানে নবম থেকে একাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষাদান করা হয়। কে218 ভবনে ইতিমধ্যেই বীকন নামক একটি সমুদায়ভিত্তিক সংগঠন ("সিবিও") রয়েছে, যা একটি বিদ্যালয়উত্তর কার্যক্রম পরিচালিত করে।.

কে218 ভবনে 2011-2012 থেকে 2014-2015 শিক্ষাবর্ষ পর্যন্ত ইনভিক্টাসের সহাবস্থানের জন্য 26শে মে, 2011 সালে প্রকাশিত একটি সংশোধিত প্রস্তাবকে 27শে জুন, 2011 তারিখে শিক্ষানীতি সমিতি ("পিইপি") অনুমোদন দেয়।[1,2] এই অনুমোদনপত্রে বলা হয় যে, কে218 এবং জিলা 19-এর অন্যান্য অবস্থানে উপলভ্য স্থান প্রসঙ্গে ডিওই মূল্যায়ন করবে এবং উপযুক্ততম স্থানের ভিত্তিতে 2015-2016 শিক্ষাবর্ষ ও তৎপরবর্তী সময়ের জন্য ইনভিক্টাস-এর দীর্ঘমেয়াদী সংস্থাপন প্রসঙ্গে একটি নতুন শিক্ষাগত প্রভাব সংক্রান্ত বিবৃতি ("ইআইএস") প্রকাশ করবে। ডিওই এই বিদ্যালয়ের দীর্ঘমেয়াদী সংস্থাপনের জন্য কে218-কেই উপযুক্ততম স্থান হিসেবে বিবেচনা করেছে। কে218-এ ইনভিক্টাস-এর পাকাপাকিভাবে সহাবস্থানের এই প্রস্তাব পিইপি দ্বারা 27শে জুন, 2011 তারিখে অনুমোদিত সাময়িক সহাবস্থানের প্রস্তাবকে খারিজ করছে।

ইনভিক্টাস একটি সরকারি অনুদানপ্রাপ্ত বিদ্যালয় যার নিউ ইয়র্কের সরকারি বিশ্ববিদ্যালয়ের অছি পরিষদ ("এসইউএনওয়াই")-এর তরফে পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষাদানের অনুমোদন রয়েছে। পূর্বোক্ত বক্তব্য অনুযায়ী, বর্তমানে ইনভিক্টাস পঞ্চম থেকে সপ্তম শ্রেণি পর্যন্ত শিক্ষাদান করছে এবং 2014-2015 থেকে পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পূর্ণ মাত্রায় শিক্ষাদানের জন্য উন্নীতকরণের পর্যায়ে রয়েছে। এই বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তি নেওয়া হয় চার্টার লটারি আবেদন প্রক্রিয়ার মাধ্যমে, যেখানে জিলা 19-এর নাগরিকদের এবং পাঠরত ছাত্র-ছাত্রীদের সহোদরদের অগ্রাধিকার দেওয়া হয়।[3]

জে.এই.এস. 218 ছাত্র-ছাত্রীদের জিলা 19-এর পূর্ব-মাধ্যমিক বিদ্যালয় বাছাই প্রক্রিয়ার মাধ্যমে দুটি পূর্ব-মাধ্যমিকশিক্ষা কার্যক্রমে ভর্তি নেয়: জেমস পি. সিনট (জে.এইচ.এস 218)-এর মন্ডলায়ন কার্যক্রম এবং জেমস পি. সিনট (জে.এইচ.এস 218)-এর বাছাইকৃত আবেদন কার্যক্রম। জিলা 19-এর পূর্ব-মাধ্যমিক বিদ্যালয় পছন্দ প্রক্রিয়া ও জে.এইচ.এস 218-এ ভর্তির প্রক্রিয়া সম্পর্কে আরও অধিক তথ্য এই প্রস্তাবের বিভাগ III-A-তে দেওয়া হয়েছে।

স্কুল ফর ক্লাসিক্স-এ ছাত্র-ছাত্রীদের শহরব্যাপী উচ্চবিদ্যালয়ে ভর্তির প্রক্রিয়া অনুযায়ী ভর্তি নেওয়া হয় এবং সীমিত সংখ্যক অ-বাছাইকৃত ভর্তির পদ্ধতিকে কাজে লাগানো হয়।

2011-2012 শিক্ষাবর্ষের ভর্তির সামর্থ্যের সদ্ব্যবহারের প্রতিবেদন ("নীল বই") অনুযায়ী, কে218-এর 1,253 জন্য ছাত্র-ছাত্রীকে শিক্ষাদানের অভীষ্ট সামর্থ্য রয়েছে। 2013-2014 শিক্ষাবর্ষে এই ভবনটি আনুমানিক 993 জন ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান করছে,[4] যা ভবন সদ্ব্যবহারের হার 79 শতাংশ বৃদ্ধি করছে।[5,6] এই প্রস্তাবটি অনুমোদিত হলে, 2014-2015 শিক্ষাবর্ষে, ইনভিক্টাস-এর পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পূর্ণ মাত্রায় উন্নীতকরণ সম্পূর্ণ হয়ে

---

1 মূলত, 31শে জানুয়ারী, 2011 তারিখে ডিওই একটি শিক্ষাগত প্রভাব সংক্রান্ত বিবৃতি ("ইআইএস") এবং ভবন সদ্ব্যবহার পরিকল্পনা ("বিইউপি") প্রকাশ করেছিল। গত 15ই মার্চ, 2011 তারিখে ডিওই এই ইআইএস-এ একটি মুদ্রণজনিত প্রমাদ সংশোধন করেছিল। সংশোধিত ইআইএস এবং বিইউপি নিচে দেওয়া ওয়েবসাইটে পাওয়া যেতে পারে: http://schools.nyc.gov/NR/rdonlyres/208CA814-2B5A-48DE-B81A-A7587DE6C022/0/EIS_K218Invictus_vfinal.pdf. গত 23শে মার্চ, 2011 তারিখে পিইপি এই প্রস্তাব অনুমোদন করে।

2 গত 26 মার্চ, 2011 তারিখে ইনভিক্টাস-এর কে218-এ সাময়িক সহাবস্থান প্রসঙ্গে পিইপি একটি সংশোধিত ইআইএস ও সংশোধিত বিইউপি প্রকাশ করে। এই সংশোধিত ইআইএস ইনভিক্টাস-এর জিলা বোরো নম্বর অন্তর্ভুক্ত করে এবং তা কে218-এর যৌথ এলাকা সম্পর্কে স্পষ্টীকরণ করে। বিইউপি নিম্নরূপে সংশোধিত হয়েছিল: প্রস্তাবিত যৌথ এলাকা তফসিলে ফের-বদল করা হয়েছিল এবং ডিওই এই প্রস্তাবের অধীনে প্রতিটি সহাবস্থানরত বিদ্যালয়গুলিকে বরাদ্দ সময়কালের যৌক্তিকতা তুলে ধরেছিল। সংশোধিত ইআইএস এবং বিইউপি নিম্নোক্ত ঠিকানায় পাওয়া যাবে: http://schools.nyc.gov/AboutUs/leadership/PEP/publicnotice/2010-2011/June2011Proposals.

3 সরকারি অনুমোদনপ্রাপ্ত বিদ্যালয়ের লটারির আবেদন সংক্রান্ত পদ্ধতির ব্যাপারে বিশদে জানতে অনুগ্রহ করে এনওয়াইসি-এর সরকারি অনুমোদনপ্রাপ্ত বিদ্যালয়গুলি প্রসঙ্গে ডিওই-এর তথ্যপঞ্জী দেখুন, যা নিচে উল্লিখিত ডিওই-এর ওয়েবসাইট থেকে পাওয়া যেতে পারে: http://schools.nyc.gov/community/planning/charters/For+Parents/default.htm.

4 28শে জুন, 2013 পর্যন্ত চার্টার সংখ্যার পূর্বানুমান বাজেট রেজিস্টারের পূর্বানুমান এই দুয়ের ভিত্তিতে।

5 এই নথির ভবন সদ্ব্যবহারের হার সংক্রান্ত সমস্ত তথ্যের ভিত্তি হচ্ছে নীল বই 2011-2012-এর অভীষ্ট ধারণক্ষমতা সংক্রান্ত উপাত্ত, জুন, 2013 তারিখ পর্যন্ত চার্টার সংখ্যার পূর্বানুমান থেকে প্রাপ্ত ভর্তি সংক্রান্ত উপাত্ত এবং বাজেট রেজিস্টারের পূর্বানুমান। এর কার্যপ্রণালী ডিওই-এর পরিকল্পনা নির্বাহ করা এবং সমস্ত বিদ্যালয়গুলির জন্য স্থান ও অর্থ বরাদ্দের হিসেব সংক্রান্ত কার্যপ্রণালীর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সহাবস্থানরত বিদ্যালয়গুলির জন্য স্থান বরাদ্দের সিদ্ধান্তের ক্ষেত্রে, স্থানসংকুলান পরিকল্পনা দপ্তরের তরফে একটি স্থানভিত্তিক বিশদ সমীক্ষা করা হবে এবং উক্ত ভবনে কতটা পরিমাণ স্থান পাওয়া যেতে পারে সে ব্যাপারে ভবনের স্থান সংক্রান্ত বিশ্লেষণ করা হবে।

গেলে, ইনভিক্টাস 320-420 জন ছাত্র-ছাত্রীকে শিক্ষাদানে সক্ষম হবে বলে মনে করা হচ্ছে। জে.এই.এস. 218 আনুমানিক 380-410 জন ছাত্র-ছাত্রীকে শিক্ষাদান করতে পারবে বলে মনে করা হচ্ছে এবং স্কুল ফর ক্লাসিক্স আনুমানিক 280-320 জন ছাত্র-ছাত্রীকে শিক্ষাদান করতে পারবে বলে আশা করা যাচ্ছে, কে218-এ পাঠরত মোট ছাত্র-ছাত্রীর পরিমাণ আনুমানিক 980-1150 জন হলে, তা ভবন সদ্ব্যবহারের হার 78-92 শতাংশ বৃদ্ধি করে। সংযোজিত ভবন সদ্ব্যবহার পরিকল্পনা ("বিইউপি")-এ যে ভাবে বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে, সেই মতো সমস্ত বিদ্যালয়গুলি তাদের শিক্ষাদানের প্রয়োজন অনুযায়ী স্থান পাবে এবং ইনভিক্টাস, জে.এইচ.এস 218 এবং স্কুল ফর ক্লাসিক্সকে দেওয়ার মতো যথেষ্ট স্থান এই ভবনটির রয়েছে।

II. ভবনের প্রস্তাবিত বা সম্ভাব্য সদ্ব্যবহার

এই প্রস্তাবটি অনুমোদিত হলে, কে218-এ শ্রেণি-ব্যাপ্তি নিম্নরূপ হবে:

		শ্রেণি-ব্যাপ্তি	
ডিবিএন	**বিদ্যালয়ের নাম**	**2013-2014**	**2014-2015**
84কে386	ইনভিক্টাস	5-7	5-8
19কে218	জে.এই.এস. 218	6-8	6-8
19K683	দ্য স্কুল ফর ক্লাসিক্স	9-12	9-12

নিচের সারণীতে প্রতিটি বিদ্যালয়ের বর্তমান ও পরিকল্পিত ভর্তির সংখ্যা প্রদর্শিত হল, তৎসহ বর্তমান ও পরিকল্পিত ভবন সদ্ব্যবহারের হারও প্রদর্শিত হল:

ডিবিএন	**বিদ্যালয়ের নাম**	**2013-2014 ভর্তির সংখ্যা**	**2014-2015 পরিকল্পিত ভর্তির সংখ্যা**
84কে386	ইনভিক্টাস	233	320 - 420
19কে218	জে.এই.এস. 218	462	380 - 410
19K683	দ্য স্কুল ফর ক্লাসিক্স	298	280 - 320
ভবনের সামগ্রিক ভর্তির সংখ্যা		993	980 - 1,150
সদ্ব্যবহার		79%	78% - 92%

[6] কম সদ্ব্যবহৃত স্থান সংক্রান্ত স্মারকলিপিটি 24শে অক্টোবর, 2012 তারিখে ডিওই-এর ওয়েবসাইটে প্রকাশিত হয় এবং 1লা ফেব্রুয়ারী, 2013 তারিখে তা হালনাগাদ করা হয়। হালনাগাদ স্মারকলিপিটি এখান থেকে অধিগত করা যেতে পারে: http://schools.nyc.gov/NR/rdonlyres/6D8EA76A-82FA-4740-9ED1-66BCABEE8BFB/138473/UUMemorandumAddendumlanguagere2013POsTER2114.pdf.
কম সদ্ব্যবহৃত স্থান সংক্রান্ত স্মারকলিপির সাম্প্রতিকতম সংযোজনীটি গত 28শে আগস্ট, 2013 তারিখে হালনাগাদ করা হয়েছে, যেটি এখান থেকে অধিগত করা যেতে পারে: http://schools.nyc.gov/NR/rdonlyres/6D8EA76A-82FA-4740-9ED1-66BCABEE8BFB/149149/UUMemorandumAddendum_August2013vFINAL.pdf.

নীল বইয়ে যেভাবে আরও বিশদাকারে বর্ণনা করা হয়েছে, যা http://www.nycsca.org/Community/CapitalPlanManagementReportsData/Enrollment/2011-2012_Classic.pdf, –এ উপলভ্য, সেই মতো ভবনের বিদ্যালয় প্রতিষ্ঠানগুলির মোট ভর্তির সংখ্যা দিয়ে ওই প্রতিষ্ঠানগুলির মোট "অভীষ্ট ধারণক্ষমতা"-র সংখ্যাকে ভাগ করে ভবনের সদ্ব্যবহারের অভীষ্ট হারের হিসেব করা হয়েছে। প্রতিটি বিদ্যালয় প্রতিষ্ঠানের "অভীষ্ট ধারণক্ষমতা" নির্ণয়ের ভিত্তি হচ্ছে প্রতিটি শ্রেণিকক্ষের নির্ধারিত ব্যবহার, যেমনটি বিদ্যালয়ের অধ্যক্ষগণ বার্ষিক সুযোগ-সুবিধা সংক্রান্ত একটি সমীক্ষার প্রতিবেদনে জানিয়েছেন; শ্রেণিকক্ষের অভীষ্ট ধারণক্ষমতা সংক্রান্ত ডিওই-এর মানদণ্ড, যা কিনা সংঘবদ্ধ শিক্ষক ফেডারেশন ("ইউএফটি")-এর চুক্তিবদ্ধ শ্রেণিকক্ষের আয়তন অপেক্ষা কম এবং শ্রেণি ও শ্রেণিকক্ষগুলির পরিকল্পিত কর্মক্ষমতা অর্থা[], একটি নির্দিষ্ট শ্রেণিকক্ষের জন্য যতগুলি ক্লাস নির্ধারিত করা হয়েছে, সেই অনুযায়ী ভিন্ন।

শিক্ষাবর্ষ 2013-2014 ও তৎপরবর্তী সময়ের জন্য ডিওই-এর পরিকল্পিত সদ্ব্যবহারের হার 2011-2012 শিক্ষাবর্ষের অভীষ্ট ধারণক্ষমতার উপর ভিত্তি করে তৈরি, যেখানে উক্ত অভীষ্ট ধারণক্ষমতার মূলগত উপাদানগুলি (শ্রেণিকক্ষগুলির অনুসূচিত ব্যবহার, শ্রেণিকক্ষের সর্বাধিক উপযোগের লক্ষ্য ইত্যাদি) অবিচল থাকবে বলে ধরে নেওয়া হয়েছে। এইভাবে, 2013-2014 ও তৎপরবর্তী সময়ের জন্য সদ্ব্যবহারের পরিকল্পিত হার ভবনের ব্যবহার সংক্রান্ত একটি আনুমানিক হিসেব প্রদান করে মাত্র কারণ ছাত্র-ছাত্রীদের চাহিদা পূরণের জন্য বিদ্যালয়ের অধ্যক্ষগণ অভীষ্ট ধারণক্ষমতার মূলগত উপাদানগুলির প্রতিটিকে বছরে-বছরে ফের-বদল করতে পারেন। উদাহরণস্বরূপ, উচ্চ বিদ্যালয়ের কোন একটি প্রশাসনিক কক্ষকে শ্রেণিকক্ষে রূপান্তরিত করা হলে সেটি ভবনের সামগ্রিক অভীষ্ট ধারণক্ষমতাকে বাড়িয়ে দেবে কারণ উচ্চ বিদ্যালয়ের প্রশাসনিক কক্ষগুলিকে ধারণক্ষমতার মধ্যে ধরা হয় না। ভর্তির সংখ্যাকে ধ্রুবক হিসেবে বিবচনা করলে, এই পরিবর্তন সদ্ব্যবহারের হারকে হ্রাস করবে। অনুরূপভাবে, শিশুবিদ্যালয়ের শ্রেণিকক্ষ হিসেবে ব্যবহৃত কোন একটি কক্ষকে যদি পরবর্তীকালে পঞ্চম শ্রেণির শ্রেণিকক্ষ হিসেবে ব্যবহার করা হয়, তাহলে ভবনের অভীষ্ট ধারণক্ষমতা বৃদ্ধি পাবে কারণ, পঞ্চম শ্রেণিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা শিশুবিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যার থেকে অপেক্ষাকৃত বেশি হবে বলে আমরা আশা করতে পারি। এর প্রতিফলন আমরা ডিওই-এর শ্রেণিকক্ষের সর্বাধিক ধারণক্ষমতা সংক্রান্ত লক্ষ্যমাত্রা শিশুবিদ্যালয়ের তুলনায় পঞ্চম শ্রেণির ক্ষেত্রে অপেক্ষাকৃত বেশি রাখার মধ্যে দেখতে পাই। এই উদাহারণেও, ভর্তির সংখ্যাকে ধ্রুবক ধরে নিলে, সদ্ব্যবহারের হার কম হবে।

III. প্রভাবিত ছাত্র-ছাত্রী, বিদ্যালয়গুলি এবং শিক্ষার্থীসমূদায়ের উপর এই প্রস্তাবের

A. প্রভাব

প্রস্তাবটি অনুমোদিত হলে, ইনভিক্টাস দীর্ঘমেয়াদীভাবে জে.এইচ.এস 218 এবং দ্য স্কুল ফর ক্লাসিক্স-এর সঙ্গে সহাবস্থানরত থাকবে। ইনভিক্টাস চার্টার লটারি ব্যবস্থার মাধ্যমেই তার ভর্তির প্রক্রিয়া চালিয়ে যাবে। চার্টার লটারিতে জিলা 19-এর জন্য বিশেষ অগ্রাধিকারের বন্দোবস্ত বলব থাকবে। এই প্রস্তাব জে.এইচ.এস. 218, দ্য স্কুল ফর ক্লাসিক্স বা ইনভিক্টাস-এর শিক্ষাদান সংক্রান্ত কর্মসূচিগুলি, দাখিলা, ভর্তির প্রক্রিয়া বা পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত কার্যকলাপগুলিকে কোনভাবে প্রভাবিত করবে না বলে মনে করা হচ্ছে।

জে.এইচ.এস. 218-এ বর্তমানে পাঠরত ছাত্র-ছাত্রীদের প্রতি প্রভাব

যেমনটি পূর্বে বলা হয়েছে, জে.এইচ.এস. 218 একটি জিলা পূর্ব-মাধ্যমিক বিদ্যালয় যেখানে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান করা হয়। জে.এই.এস. 218 ছাত্র-ছাত্রীদের পূর্ব-মাধ্যমিকবিদ্যালয়ে ভর্তির আবেদন প্রক্রিয়া মারফ মন্ডলায়ন ও বাছাইকরণ দাখিলাপদ্ধতির মাধ্যমে বিদ্যালয়ে ভর্তি নেয়। জে.এইচ.এস. 218 প্রথমে এর মন্ডলায়ন কার্যক্রমে সেই সমস্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি নেয় যারা কে218 মন্ডলে বসবাস করে। জে.এই.এস. এছাড়াও 218 একটি বাছাইকৃত ভর্তিপদ্ধতির সাহায্যে এর আবেদন কার্যক্রমেও ছাত্র-ছাত্রী ভর্তি করে।

জে.এই.এস. 218 সাধারণ শিক্ষার্থী ও বিশেষ শিক্ষার প্রয়োজন এমন শিক্ষার্থী উভয়কেই শিক্ষাদান করে, অথও সহ-শিক্ষণ ("আইসিটি")-এর ক্লাস, স্বয়ংসম্পূর্ণ ("এসসি") ক্লাসে ছাত্র-ছাত্রীদের নথিভুক্তকরণ এবং বিশেষ শিক্ষকের শিক্ষা সহায়তা পরিষেবা ("এসইটিএসএস") পাওয়া এবং সংশ্লিষ্ট অন্যান্য পরিষেবাগুলি এর অন্তর্ভুক্ত। ভর্তি হওয়ার পর, একটি ব্যক্তিনির্দিষ্ট শিক্ষাদান কার্যক্রম ("আইইপি") গড়ে তোলার জন্য বিশেষ শিক্ষা সহায়তা পরিষেবা প্রয়োজন এমন ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের সঙ্গে বিদ্যালয় কর্তৃপক্ষ কথাবার্তা বলে, যেখানে বিদ্যালয় বন্দোবস্ত করতে পারে ছাত্র-ছাত্রীদের জন্য এমন উপযুক্ত সংস্থানগুলির একটি রূপরেখা পাওয়া যায়। এইভাবে, পরিষেবাগুলিকে বর্তমানে দাখিলাপ্রাপ্ত অক্ষমতাযুক্ত ছাত্র-ছাত্রীদের ব্যক্তিনির্দিষ্ট চাহিদাগুলি পূরণের উদ্দেশ্যে প্রস্তুত করে তোলা হয়, এবং এমন ভাবে, যা বছরে-বছরে ভিন্ন হতে পারে। এই প্রস্তাবটি অনুমোদিত হলে, জে.এইচ.এস. 218-এর এই সমস্ত ছাত্র-ছাত্রীদের আইইপি অনুসারে বিশেষ শিক্ষা সহায়তা পরিষেবা প্রদান করে যাওয়া হবে।

তদুপরি, ইংরেজি ভাষা শিক্ষার্থী ("ইএলএল") হিসেবে শ্রেণিভুক্ত ছাত্র-ছাত্রীদের জে.এইচ.এস. 218-এ ভর্তি নেওয়া হয় এবং তারা দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি ("ইএসএল") শিক্ষালাভ করে থাকে। এই প্রস্তাব অনুমোদিত হলে, জে.এইচ.এস. 218-এর ছাত্র-ছাত্রীদের তাদের প্রাপ্য বাধ্যতামূলক পরিষেবাসমূহ প্রদান করে যাওয়া হবে।

জিলা 19-এর পূর্ব-মাধ্যমিকবিদ্যালয়ের তথ্যপঞ্জী অনুযায়ী, জে.এইচ.এস. 218 বর্তমানে নিম্নোক্ত বিশেষ কার্যক্রমগুলি, পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত কার্যকলাপ এবং অংশীদারিত্ব পেশ করছে:[7]

[7] জিলা 19-এর পূর্ব-মাধ্যমিকবিদ্যালয়ের তথ্যপঞ্জী পাওয়া যাবে এখানে: http://schools.nyc.gov/NR/rdonlyres/12D1803B-D5F9-4679-AC80-169301413EA9/0/201213D19MSD.pdf

- **রিজেন্ট ক্লাসগুলি:** পৃথিবী বিজ্ঞান, অখণ্ড বীজগণিত
- **পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত কার্যকলাপসমূহ:** উমোজা স্টেপারস, সিনট ডান্স এনসেম্বল, সিনট কোরাস, আইস্কোয়াড, ওয়ারিওরস বাস্কেটবল টীম, চ্যাম্পস, বালকদের বাস্কেটবল, নৃত্য, বালিকাদের রাগবি, বালিকাদের ফ্ল্যাগ ফুটবল, কো-এড ইনডোর অ্যান্ড আউটডোর ট্র্যাক
- **অংশীদারিত্ব:** সেন্ট ফ্রান্সিস কলেজ, এলআইইউ ব্রুকলিন কলেজ, আইটেক/আইলার্ন, চ্যাম্পস

বর্তমানে জে.এইচ.এস. 218-এ প্রদত্ত পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত কার্যক্রমগুলিতে কোন পরিবর্তনের প্রস্তাব করা হয়নি। এই প্রস্তাব অনুমোদিত হলে, জে.এইচ.এস. 218 এই পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত কার্যক্রমগুলি চালিয়ে যাবে, যদিও তা ছাত্র-ছাত্রীদের উৎসাহ, প্রাপ্ত সংস্থানসমূহ এবং উক্ত কার্যক্রমগুলিতে কর্মীদের সহযোগিতা সাপেক্ষ। প্রস্তাবিত সহাবস্থানের কারণে ওই সমস্ত সুযোগ-সুবিধাগুলির উপর কোন প্রভাব পড়বে না, কিন্তু ওই কার্যক্রমগুলির পরিচালন প্রক্রিয়ায় পরিবর্তন আনতে হতে পারে। উদাহরণস্বরূপ, কিছু কিছু ক্রিয়াকলাপের জন্য শ্রেণিকক্ষ ভাগাভাগি করে ব্যবহার করা হতে পারে অথবা চাহিদা বৃদ্ধির কারণে বিদ্যালয় চলাকালীন বা তার পরবর্তী সময়ে প্রাপ্য স্থানের নিরীখে এই কার্যকলাপগুলির সময়সূচির পরিবর্তন হতে পারে। ছাত্র-ছাত্রীরা পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত নানাবিধ কার্যকলাপে অংশগ্রহণের সুযোগ আগের মতোই পেতে থাকবে, যদিও একটি নির্দিষ্ট বিদ্যালয়ের জন্য প্রদত্ত নির্দিষ্ট কার্যক্রমের কিছু ফের-বদল সবসময়েই হতে পারে। এটি শহরের সমস্ত ছাত্র-ছাত্রীর জন্যই সত্য, কারণ বিদ্যালয়গুলি প্রতিবছর তাদের পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত কার্যকলাপগুলি ছাত্র-ছাত্রীদের উৎসাহ ও প্রাপ্ত সংস্থানের উপর ভিত্তি করে পরিবর্তিত করে।

বর্তমানে দ্য স্কুল ফর ক্লাসিক্স-এ পাঠরত ছাত্র-ছাত্রীদের উপর প্রভাব

দ্য স্কুল ফর ক্লাসিক্স একটি উদ্দীপনাপূর্ণ উচ্চ বিদ্যালয় যা কে218-এ নবম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান করে। দ্য স্কুল ফর ক্লাসিক্স-এ শহরব্যাপী উচ্চ বিদ্যালয়ে ভর্তির প্রক্রিয়ার মাধ্যমে সীমিত অবাছাইকৃত দাখিলা পদ্ধতিতে ভর্তি নেওয়া হয়। সীমিত অবাছাইকৃত বিদ্যালয়গুলিতে সেই সমস্ত ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার দেওয়া হয় যারা বিদ্যালয় কর্তৃক পরিচালিত তথ্যপ্রদানমূলক সভায় মুক্ত কক্ষ অনুষ্ঠানে অংশগ্রহণ করে অথবা উচ্চ বিদ্যালগুলি দ্বারা অনুষ্ঠিত যে কোন একটি মেলার বিদ্যালয়ের প্রদর্শনী দেখার মধ্যে দিয়ে নিজেদের আগ্রহ প্রদর্শন করে।

দ্য স্কুল ফর ক্লাসিক্স সাধারণ শিক্ষার্থী ও বিশেষ শিক্ষার প্রয়োজন এমন শিক্ষার্থী উভয়কেই শিক্ষাদান করে, অখণ্ড সহ-শিক্ষণ ("আইসিটি")-এর ক্লাস, স্বয়ংসম্পূর্ণ ("এসসি") ক্লাসে ছাত্র-ছাত্রীদের নথিভুক্তকরণ এবং বিশেষ শিক্ষকের শিক্ষা সহায়তা পরিষেবা ("এসইটিএসএস") পাওয়া এবং সংশ্লিষ্ট অন্যান্য পরিষেবাগুলি এর অন্তর্ভুক্ত। দ্য স্কুল ফর ক্লাসিক্স-এর ইএলএল ছাত্র-ছাত্রীদের জন্য একটি ইএসএল কার্যক্রমও রয়েছে। সমস্ত ছাত্র-ছাত্রীরা তাদের প্রাপ্য বাধ্যতামূলক পরিষেবাসমূহ তাদের আইইপি অনুযায়ী পেয়ে যেতে থাকবে। ইএলএল ছাত্র-ছাত্রীরা তাদের বাধ্যমূলক পরিষেবাসমূহ পেয়ে যেতে থাকবে।

বিদ্যালয় কর্তৃক সূচিত তথ্যাবলী অনুসারে, দ্য স্কুল ফর ক্লাসিক্স বর্তমানে নিম্নোক্ত বিষয়গুলি পেশ করছে:[8]

- **পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত কার্যকলাপসমূহ:** উপদেষ্টা, শিক্ষার্থী সরকার, নেতৃত্ব, যুবসমাজের উদ্যোগ, বালিকার নেতৃত্ব, গণিত, সৃজনশীল রচনা, বাড়ির কাজে সাহায্য, শিক্ষার্থীদের সংবাদপত্র, সহসাথীকে শিক্ষাদান, প্রস্তুতি, শরৎকালীন নাটক প্রস্তুতি, মঞ্চ ব্যবস্থাপনা থিয়েটারের ঐচ্ছিক পাঠ্য, থিয়েটারের প্রযুক্তি সংক্রান্ত ঐচ্ছিক পাঠ্য, থিয়েটারে অভিনয় সংক্রান্ত ঐচ্ছিক পাঠ্য, রন্ধনবিদ্যা, বর্ষপঞ্জী, বিদ্যালয়উত্তর কৃতিত্ব পুনরুদ্ধার
- **ক্লাবগুলি:** কথ্য শব্দ, মুক্ত জিম,
- **বিদ্যালয়ের খেলা-ধুলা:** বালকদের বাস্কেটবল, বালিকাদের ভলিবল

বর্তমানে দ্য স্কুল ফর ক্লাসিক্স-এ প্রদত্ত পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত কার্যক্রমগুলিতে কোন পরিবর্তনের প্রস্তাব করা হয়নি। এই প্রস্তাব অনুমোদিত হলে, দ্য স্কুল ফর ক্লাসিক্স এই পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত কার্যক্রমগুলি চালিয়ে যাবে, যদিও তা ছাত্র-ছাত্রীদের উৎসাহ, প্রাপ্ত সংস্থানসমূহ এবং উক্ত কার্যক্রমগুলিতে কর্মীদের সহযোগিতা সাপেক্ষ। প্রস্তাবিত সহাবস্থানের কারণে ওই সমস্ত সুযোগ-সুবিধাগুলির উপর কোন প্রভাব পড়বে না, কিন্তু ওই কার্যক্রমগুলির পরিচালন প্রক্রিয়ায় পরিবর্তন আনতে হতে পারে। উদাহরণস্বরূপ, কিছু কিছু ক্রিয়াকলাপের জন্য শ্রেণিকক্ষ ভাগাভাগি করে ব্যবহার করা হতে পারে অথবা চাহিদা বৃদ্ধির কারণে বিদ্যালয় চলাকালীন বা তার পরবর্তী সময়ে প্রাপ্য স্থানের নিরীখে এই কার্যকলাপগুলির সময়সূচির পরিবর্তন হতে পারে। ছাত্র-ছাত্রীরা পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত নানাবিধ কার্যকলাপে অংশগ্রহণের সুযোগ আগের মতোই পেতে থাকবে, যদিও একটি নির্দিষ্ট বিদ্যালয়ের জন্য প্রদত্ত নির্দিষ্ট কার্যক্রমের কিছু ফের-বদল সবসময়েই হতে পারে। এটি শহরের সমস্ত ছাত্র-ছাত্রীর জন্যই সত্য, কারণ বিদ্যালয়গুলি প্রতিবছর তাদের পাঠক্রম বহির্ভূত অতিরিক্ত কার্যকলাপগুলি ছাত্র-ছাত্রীদের উৎসাহ ও প্রাপ্ত সংস্থানের উপর ভিত্তি করে পরিবর্তিত করে।

বর্তমানে ইনভিক্টাস-এ পাঠরত ছাত্র-ছাত্রীদের উপর প্রভাব

প্রস্তাবটি যদি অনুমোদিত হয়, তাহলে ইনভিক্টাস জে.এইচ.এস 218 ও দ্য স্কুল ফর ক্লাসিক্স-এর সঙ্গে কে218-এ সহাবস্থান করবে।

নিউ ইয়র্ক রাজ্যের চার্টার আইনের নির্দেশ মতো ইনভিক্টাস বর্তমানে লটারির মাধ্যমে ছাত্র-ছাত্রীদের ভর্তি নিচ্ছে এবং প্রস্তাবটি অনুমোদিত হওয়ার পরও এই ব্যবস্থাই চলতে থাকবে। ইনভিক্টাস পঞ্চম ও ষষ্ঠ শ্রেণির ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান করে। ইনভিক্টাস-এর লটারির প্রক্রিয়ায় নিম্নোক্ত ক্রমে আবেদনকারীদের অগ্রাধিকার প্রদান করে থাকে:

[8] নিউ ইয়র্ক শহরের উচ্চ বিদ্যালয়ের তথ্যপঞ্জী এখানে পাওয়া যাবে: http://schools.nyc.gov/NR/rdonlyres/778A0275-CA64-4311-8338-5735608DC449/0/BrooklynHighSchools_2013.pdf

- প্রত্যাবর্তনকারী ছাত্র-ছাত্রী;
- বিদ্যালয়ে পাঠরত ছাত্র-ছাত্রীদের সহোদর;
- সিএসডি 19-এ বসবাসকারী ছাত্র-ছাত্রী;
- সিএসডি 19-এর বাইরে বসবাসকারী ছাত্র-ছাত্রী।

বর্তমানে ইনভিক্টাস প্রেপ বৈচিত্রতাপূর্ণ পাঠক্রম বহির্ভুত অতিরিক্ত কার্যকলাপ ও শিক্ষা সমৃদ্ধিমূলক কার্যক্রম প্রস্তুত করে। বিদ্যালয়ের দিনগুলিতে প্রদত্ত সাপ্তাহিক শিক্ষাদানের ব্যবস্থা ছাড়াও, অতিরিক্ত সহায়তার দরকার এমন ছাত্র-ছাত্রীদের জন্য শনিবারের বিদ্যালয় অধিবেশনগুলিতে একের-জন্য-একজন শিক্ষকের মাধ্যমে শিক্ষাদানের বন্দোবস্ত করা হয়ে থাকে। সমস্ত ছাত্র-ছাত্রীদেরই সমৃদ্ধিকরণ কর্মসূচির এক বিস্তৃত বিন্যাস থেকে নিজেদের পছন্দেরটি বেছে নেওয়ার সুযোগ দেওয়া হয়, যার মধ্যে রয়েছে নৃত্য, যোগব্যায়াম, ছবি তোলা, দৃশ্য কলা ও ভাস্কর্য, সঙ্গীত (যন্ত্র ও কন্ঠ) এবং মার্শাল আর্টস।

এই প্রস্তাব অনুমোদিত হলে, দ্য স্কুল ফর ক্লাসিক্স এই পাঠক্রম বহির্ভুত অতিরিক্ত কার্যক্রমগুলি চালিয়ে যাবে, যদিও তা ছাত্র-ছাত্রীদের উৎসাহ, প্রাপ্ত সংস্থানসমূহ এবং উক্ত কার্যক্রমগুলিতে কর্মীদের সহযোগিতা সাপেক্ষ। প্রস্তাবিত দীর্ঘমেয়াদী সহাবস্থানের কারণে ওই সমস্ত সুযোগ-সুবিধাগুলির উপর কোন প্রভাব পড়বে না, কিন্তু ওই কার্যক্রমগুলির পরিচালন প্রক্রিয়ায় পরিবর্তন আনতে হতে পারে। উদাহরণস্বরূপ, কিছু কিছু ক্রিয়াকলাপের জন্য শ্রেণিকক্ষ ভাগাভাগি করে ব্যবহার করা হতে পারে অথবা চাহিদা বৃদ্ধির কারণে বিদ্যালয় চলাকালীন বা তার পরবর্তী সময়ে প্রাপ্য স্থানের নিরীখে এই কার্যকলাপগুলির সময়সূচির পরিবর্তন হতে পারে। ছাত্র-ছাত্রীরা পাঠক্রম বহির্ভুত অতিরিক্ত নানাবিধ কার্যকলাপে অংশগ্রহণের সুযোগ আগের মতোই পেতে থাকবে, যদিও একটি নির্দিষ্ট বিদ্যালয়ের জন্য প্রদত্ত নির্দিষ্ট কার্যক্রমের কিছু ফের-বদল সবসময়েই হতে পারে। এটি শহরের সমস্ত ছাত্র-ছাত্রীর জন্যই সত্য, কারণ বিদ্যালয়গুলি প্রতিবছর তাদের পাঠক্রম বহির্ভুত অতিরিক্ত কার্যকলাপগুলি ছাত্র-ছাত্রীদের উৎসাহ ও প্রাপ্ত সংস্থানের উপর ভিত্তি করে পরিবর্তিত করে।

প্রস্তাবটি অনুমোদিত হলে, ইনভিক্টাস-এর ছাত্র-ছাত্রীরা ক্যাফেটেরিয়া, প্রেক্ষাগৃহ এবং জিমখানার মতো সাধারণ স্থানগুলি ভাগাভাগি করে ব্যবহার করে যাবে। সংযোজিত বিইউপি-তে যৌথ এলাকার প্রস্তাবিত পরিকল্পনা এটি প্রদর্শিত করছে যে, এই এলাকাগুলিতে সমস্ত বিদ্যালয়গুলিকে সমানভাবে স্থান দেওয়া হবে।

বীকন কার্যক্রমের উপর প্রভাব

কে218 ভবনে বীকন-ও অবস্থিত, যা একটি বিদ্যালয়উত্তর কর্মসূচি। বীকনের বিদ্যালয়উত্তর কর্মসূচিতে নানাবিধ কার্যকলাপ অন্তর্ভুক্ত, যেমন বাড়ির কাজে সাহায্য এবং বিনোদনমূলক ক্রিয়াকলাপসমূহ। এই প্রস্তাব এই সংগঠন বা এর কোন কর্মসূচিকে প্রভাবিত করবে বলে ডিওই মনে করে না।

জিলা 19-এর পূর্ব-মাধ্যমিকবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর উপর প্রভাব

এই প্রস্তাব জে.এইচ.এস 218-এর ভর্তির প্রক্রিয়াকে অথবা অন্তর্ভুক্তিকরণকে কোনভাবে প্রভাবিত করবে এমনটি প্রত্যাশিত নয়। জে.এইচ.এস. 218 বর্তমানে মন্ডলায়ন কার্যক্রমে ও একটি বাছাইকৃত কার্যক্রমে পূর্ব-মাধ্যমিকবিদ্যালয়ে আবেদন প্রক্রিয়ার মাধ্যমে ভর্তি নিচ্ছে (এই দুটিতেই স্বাস্থ্য বিষয়ক পেশার উপর জোর দেওয়া হয়)।

জে.এইচ.এস. 218-এর মন্ডলায়ন কার্যক্রমটি এই মন্ডলে বসবাসকারী ছাত্র-ছাত্রীদের জন্য উন্মুক্ত।

বিদ্যালয়ের বাছাইকৃত কার্যক্রমে নির্বাচিত হওয়ার নিম্নোক্ত মানদও রয়েছে:

- প্রবন্ধ/নমুনা রচনা
- উপস্থিতি ও নিয়মানুবর্তিতার পর্যালোচনা
- পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও মান পর্যালোচনা
- ছাত্র-ছাত্রীদের সাক্ষাৎকার

পূর্ব-মাধ্যমিকবিদ্যালয়ে আবেদনের প্রক্রিয়ার মাধ্যমে জিলার ছাত্র-ছাত্রীদের তাদের জিলা স্থিত পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলির গোটা শ্রেণিতে এবং/অথবা বোরো বা শহরব্যাপী যোগ্যতা বিচার করা হয় এমন বিদ্যালয়গুলিতে আবেদন করতে পারবে। এছাড়াও ছাত্র-ছাত্রীরা সেই সমস্ত অসংখ্য বিদ্যালয়গুলিতেও আবেদন করার সুযোগ পাবে যারা তাদের ভর্তির প্রক্রিয়া নিজেরাই নিজেদের মতো করে স্থির করে। এই সমস্ত বিকল্পগুলি সম্পর্কে মুদ্রিত তথ্য প্রতিটি জিলার পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ের তথ্যপঞ্জীতে পাওয়া যাবে, যেটি পাওয়া যাবে http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/Publications/default.htm অনুগ্রহ করে মনে রাখবেন যে, এই তথ্যপঞ্জীটি বছরে একবার করে হালনাগাদ করা হয়। পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ে আবেদনের প্রক্রিয়া সংক্রান্ত সাধারণ তথ্যাবলী নিচে উল্লিখিত ডিওই-এর ওয়েবসাইটে পাওয়া যাবে: http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/default.htm.

পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ভর্তির আবেদনের প্রক্রিয়ায় ছাত্র-ছাত্রীরা তাদের যোগ্য পছন্দের অগ্রাধিকারগুলিকে ক্রম দিতে পারে, যেগুলি প্রতিটি ছাত্র-ছাত্রীর পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ের আবেদনপত্রে আগে থেকে সন্নিবেশ করা থাকে। এই বিকল্পগুলির মধ্যে রয়েছে:

- বাছাইকৃত ভর্তির পদ্ধতিসহ পূর্ব-মাধ্যমিক বিদ্যালয় বা কার্যক্রমসমূহ (সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃক নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে ভর্তি নেওয়া হয়);

- পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির অ-বাছাইকৃত[9] বা সীমিত অ-বাছাইকৃত পদ্ধতি (সীমিত অ-বাছাইকৃত পদ্ধতির বিদ্যালয়গুলিতে অ-বাছাইকৃত পদ্ধতির বিদ্যালয়গুলির মতোই ভর্তি নেয়, একমাত্র ব্যতিক্রম হচ্ছে, তারা বিদ্যালয় তথ্যপ্রদান অধিবেশনে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার দেয়);
- মন্ডলায়ন পূর্ব-মাধ্যমিক বিদ্যালয় এবং বিদ্যায়তন পছন্দের পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলি (একটিই বিদ্যায়তন চত্বরে একাধিক বিদ্যালয়ের অবস্থান যেগুলি একই মন্ডলকে শিক্ষাদান করে);
- পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য বাছাইকৃত ও অ-বাছাইকৃত ভর্তির পদ্ধতিসহ কে-৪ বিদ্যালয়গুলি;
- পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য বাছাইকৃত ও অ-বাছাইকৃত ভর্তির পদ্ধতিসহ 6-12 বিদ্যালয়গুলি; এবং
- বোরো বা শহরব্যাপী যোগ্যতাসহ অ-বাছাইকৃত, সীমিত অ-বাছাইকৃত অথবা বাছাইকৃত ভর্তির পদ্ধতিসহ বিদ্যালয়গুলি।

2014-2015 শিক্ষাবর্ষের জন্য বিদ্যালয়ের পঞ্চম শ্রেণিতে ভর্তির জন্য আবেদনের শহরব্যাপী সময়সীমা হচ্ছে ডিসেম্বর মাস। অধিকন্তু, ছাত্র-ছাত্রীরা 2014-2015 শিক্ষাবর্ষে গোটা শহর জুরে যে নতুন পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলি খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেগুলিকেও বিবেচনায় রাখতে পারে। নতুন বিদ্যালয়গুলি খোলার ব্যাপারে পিইপি সম্মতি প্রদান করলে, যোগ্য ছাত্র-ছাত্রীদের কাছে "নতুন বিদ্যালয়গুলিতে" ভর্তির জন্য একটি আবেদনপত্র দাখিল করার সুযোগ থাকবে। পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলিতে আবেদনের সময়সীমা সংক্রান্ত তথ্য নিচে প্রদত্ত লিঙ্কে পাওয়া যাবে: http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/Calendar/default.htm.

পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলির আইপি-সহ ছাত্র-ছাত্রীরা, যাদের ডি75 বিদ্যালয়ে ভর্তির জন্য সুপারিশ করা[10] হবে বলে প্রত্যাশা করা হচ্ছে, তাদের সাধারণ শিক্ষার্থীদের মতোই এই বিদ্যালয়গুলিতে ভর্তি করা হয়েছে। শারীরিক অক্ষমতাযুক্ত ছাত্র-ছাত্রীরা যাতে তাদের আইইপি অনুসারে বাধ্যতামূলক পরিষেবাগুলি পায় তা বিদ্যালয়গুলিকে সুনিশ্চিত করতে হবে, সাথে সাথে এও নিশ্চিত করতে হবে যে এই ধরনের ছাত্র-ছাত্রীরা যেন যতদূর সম্ভব তাদের শারীরিকভাবে সক্ষম সহপাঠীদের সঙ্গে একসঙ্গে শিক্ষালাভের সুযোগ পায়।

ডিওই-এর নীতি অনুসারে, ইএলএল ছাত্র-ছাত্রীদের পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলিতে একই পদ্ধতিতে ভর্তি করতে হবে যে পদ্ধতিতে তাদের ইএলএল নয় এমন সহপাঠীদের ভর্তি করা হয়েছে। ইএলএল পরিষেবা প্রয়োজন এমন যে কোন ছাত্র/ছাত্রী ডিওই-এর নীতি অনুসারে উপযুক্ত পরিষেবাসমূহ পেয়ে যেতে থাকবে।

উচ্চ বিদ্যালয়ের ভাবী ছাত্র-ছাত্রীদের ভর্তি সংক্রান্ত প্রভাব – উচ্চ বিদ্যালয়ে ভর্তির প্রক্রিয়া

দ্য স্কুল ফর ক্লাসিক্স শহরব্যাপী উচ্চ বিদ্যালয়ে ভর্তির প্রক্রিয়ার মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তি নেয়, যা নিচে আরও বিশদভাবে বর্ণনা করা হল। এই প্রস্তাবের ফলে দ্য স্কুল ফর ক্লাসিক্স-এর ভর্তি সংক্রান্ত নীতিতে কোন প্রভাব পড়বে না।

নিউ ইয়র্ক শহরে উচ্চ বিদ্যালয়গুলিতে ভর্তির বিষয়টি শহরব্যাপী পছন্দের পদ্ধতির উপর নির্ভর করে, স্থানাধিকারি 12টি পর্যন্ত বিদ্যালয়ের কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের পছন্দের ক্রম-সহ। ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারে এমন 12টি উপলব্ধ কার্যক্রম ছাড়াও তারা আরও আটটি পর্যন্ত বিশেষ উচ্চ বিদ্যালয়ে আবেদন করতে পারে যেখানে তাদের বিশেষ উচ্চ বিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষা ("এসএইচএটি") দিতে হবে, এর সঙ্গে লাগুয়ার্ডিয় উচ্চ বিদ্যালয়ের ছয়টি পর্যন্ত কলাভবনও রয়েছে।

2014-2015 শিক্ষাবর্ষের জন্য উচ্চ বিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে উচ্চ বিদ্যালয়ে ভর্তির প্রক্রিয়ার দুটি পর্যায় রয়েছে:

পর্যায় এক: অষ্টম শ্রেণির এবং নবম শ্রেণি উন্নীত নতুন উৎসাহিত ছাত্র-ছাত্রীরা এই পর্যায়ে অংশগ্রহণ করবে। বিশেষ উচ্চ বিদ্যালয়গুলিতে আবেদনকারী ছাত্র-ছাত্রীরাসহ, সমস্ত ছাত্র-ছাত্রীরা মার্চ মাসে তাদের মিল সংক্রান্ত ফলাফল জানতে পারবে।

দ্বিতীয় পর্যায়: অষ্টম শ্রেণির এবং নবম শ্রেণিতে উন্নীত নতুন ছাত্র-ছাত্রীরা সকলেই বিদ্যালয় কার্যক্রমের দ্বিতীয় পর্যায়ের জন্য আবেদন করার যোগ্য। প্রথম পর্যায়ে মিল পাওয়া যায়নি এমন ছাত্র-ছাত্রীদের দ্বিতীয় পর্যায়ে বাকি বিদ্যালয় কার্যক্রমগুলির জন্য অবশ্যই আবেদন করতে হবে আবেদনপত্রে দেওয়া পছন্দ মতো মিল পাওয়ার জন্য। উপরন্তু, প্রথম পর্যায়ে মিল পাওয়া গেছে এমন কোন ছাত্র/ছাত্রী চাইলে দ্বিতীয় পর্যায়ে তার পছন্দ মতো কার্যক্রমের জন্যও আবেদন করতে পারবে। প্রথম পর্যায়ে মিল পাওয়া গেছে এমন কোন ছাত্র/ছাত্রী দ্বিতীয় পর্যায়ে অংশগ্রহণ করলে এবং দ্বিতীয় পর্যায়ে তার জন্য মিল পাওয়া গেলে প্রথম পর্যায়ে পাওয়া মিল বাতিল বলে গণ্য হবে। দ্বিতীয় পর্যায়ে উপলব্ধ কার্যক্রমগুলির মধ্যে রয়েছে বাকি আসনগুলির জন্য বিদ্যালয় কার্যক্রম এবং আগামি সেপ্টেম্বর মাসে শুরু হতে চলেছে এমন নতুন বিদ্যালয়গুলি। দ্বিতীয় পর্যায়ের মিল সংক্রান্ত ফলাফল মে মাসে জানা যাবে।

---

[9] অ-বাছাইকৃত বিদ্যালয়গুলি আবেদন করার যোগ্য সমস্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি নেয়।

[10] জিলা 75 শহরব্যাপী অটিজম স্পেকট্রাম, উল্লেখযোগ্য সংজ্ঞাত্মক বিলম্ব, তীব্র ভাবাবেগজনিত প্রতিবন্ধকতা, ইন্দ্রিয় বিকলাঙ্গতা এবং/অথবা বহুমুখী বিকলাঙ্গতার শিকার শিশুদের শিক্ষামূলক, বৃত্তিমূলক এবং আচরণগত সহায়তা কার্যক্রম প্রদান করে। জিলা 75 এই ধরনের ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিন্যাসে পরিষেবা দিয়ে থাকে, যার মধ্যে রয়েছে প্রাথমিক, পূর্ব-মাধ্যমিক এবং উচ্চ বিদ্যালয়গুলি, ছাত্র-ছাত্রীদের আশ্রয়-নিবাস, হাতপাতাল এবং বিভিন্ন প্রতিষ্ঠানগুলি। নিউ ইয়র্কের ব্রঙ্কস, ব্রুকলিন, ম্যানহাটান, কুইনস, স্ট্যাটেন আইল্যান্ড এবং সিওসেটের 410টিরও বেশি স্থানে এই কার্যক্রমগুলি বিস্তৃত। জিলা 75-এর কার্যক্রমগুলি সম্পর্কে আরও বিশদে জানতে অনুগ্রহ করে ডিওই-এর এই ওয়েবসাইটটি দেখুন http://schools.nyc.gov/Offices/District75/default.htm

উচ্চ বিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া সম্বন্ধে আরও অধিক তথ্যের জন্য অনুগ্রহ করে নিচের ওয়েবসাইটটি দেখুন: http://schools.nyc.gov/ChoicesEnrollment/High.

আইইপি-সহ উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের, ডি75-এ পাঠানোর সুপারিশ করা হয়েছে এমন ছাত্র-ছাত্রী ব্যাতীত, ভর্তির প্রক্রিয়া সাধারণ ছাত্র-ছাত্রীদের ভর্তির প্রক্রিয়ার মতোই। শারীরিক অক্ষমতাযুক্ত ছাত্র-ছাত্রীরা যাতে তাদের আইইপি অনুসারে বাধ্যতামূলক পরিষেবাগুলি পায় তা বিদ্যালয়গুলিকে সুনিশ্চিত করতে হবে, সাথে সাথে এও নিশ্চিত করতে হবে যে এই ধরনের ছাত্র-ছাত্রীরা যেন যতদূর সম্ভব তাদের শারীরিকভাবে সক্ষম সহপাঠীদের সঙ্গে একসঙ্গে শিক্ষালাভের সুযোগ পায়।

অনুরূপভাবে, ইএলএল ছাত্র-ছাত্রীদের পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলিতে একই পদ্ধতিতে ভর্তি করতে হবে যে পদ্ধতিতে তাদের ইএলএল নয় এমন সহপাঠীদের ভর্তি করা হয়েছে। ইএলএল পরিষেবা প্রয়োজন এমন যে কোন ছাত্র/ছাত্রী ডিওই-এর নীতি অনুসারে উপযুক্ত পরিষেবাসমূহ পেয়ে যেতে থাকবে।

দ্য স্কুল ফর ক্লাসিক্স একটি সীমিত অ-বাছাইকৃত ভর্তির পদ্ধতিতে ছাত্র-ছাত্রীদের ভর্তি নেয়। সীমিত অবাছাইকৃত বিদ্যালয়গুলিতে সেই সমস্ত ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার দেওয়া হয় যারা বিদ্যালয় কর্তৃক পরিচালিত তথ্যপ্রদানমূলক সভায় মুক্ত কক্ষ অনুষ্ঠানে অংশগ্রহণ করে অথবা উচ্চ বিদ্যালগুলি দ্বারা অনুষ্ঠিত যে কোন একটি মেলার বিদ্যালয়ের প্রদর্শনী দেখার মধ্যে দিয়ে নিজেদের আগ্রহ প্রদর্শন করে।

নিউ ইয়র্ক শহরের উচ্চ বিদ্যালয়ের তথ্যপঞ্জী মুদ্রিত আকারে ডিওই পরিচালিত পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলিতে, বোরোর নথিভুক্তকরণ দপ্তরে অথবা ডিওই-এর নিচে দেওয়া ওয়েবসাইটে পাবেন: http://schools.nyc.gov/ChoicesEnrollment/High/Publications, শহরব্যাপী উচ্চবিদ্যালয়গুলির একটি সম্পূর্ণ তালিকা প্রদান করে।

ভাবী পূর্ব-মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ বিদ্যালয়গুলিতে নথিভুক্তকরণ সংক্রান্ত প্রভাব – সরাসরি ভর্তি

পূর্ব-মাধ্যমিক ও উচ্চ বিদ্যালয়গুলির ভর্তির প্রক্রিয়ার সঙ্গে সঙ্গে, কিছু ছাত্র-ছাত্রীদের সরাসরি ভর্তি ("ওটিসি") প্রক্রিয়ার মাধ্যমে ভর্তি নেওয়া হতে পারে। দ্য স্কুল ফর ক্লাসিক্স এবং জে.এইচ.এস. 218 প্রথাগতভাবে ওটিসি ছাত্র-ছাত্রীদের গ্রহণ করে এবং এই প্রস্তাব অনুমোদিত হওয়ার পরও তারা তা চালিয়ে যাবে। ইনভিক্টাস তাদের নির্দিষ্ট চার্টার আবেদন প্রক্রিয়ার মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তি নেয়, এই প্রস্তাবের শুরুর দিকে উল্লেখ রয়েছে, এবং রাজ্য সরকারের আইন অনুযায়ী কোন ওটিসি ছাত্র-ছাত্রীদের ভর্তি নিতে পারে না। এই প্রস্তাবের ফলে কে218-এ ওটিসি ছাত্র-ছাত্রীদের ভর্তিতে কোন প্রভাব পড়বে এমনটি প্রত্যাশিত নয়।

ওটিসি ভর্তির প্রক্রিয়া এমন একটি পদ্ধতি যেখানে সেই সমস্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি নেওয়া হয় যে সমস্ত ছাত্র-ছাত্রীদের একটি বিদ্যালয়ে নিযুক্ত হওয়ার প্রয়োজন হয় কারণ, তারা শ্রেণিগুলিতে কোন ধরনের ভর্তির প্রক্রিয়ার সঙ্গে যুক্ত ছিল না এবং/অথবা বিদ্যালয় শুরু হওয়ার সময় তারা কোন এনওয়াইসি বিদ্যালয়ের তালিকাভুক্ত ছিল না। এই ধরনের ছাত্র-ছাত্রীদের বেশিরভাগ নিম্নোক্ত চারটি শ্রেণির যে কোন একটির অন্তর্গত:

- নিউ ইয়র্ক শহরের বিদ্যালয় ব্যবস্থায় তারা নবাগত; অথবা
- নিউ ইয়র্ক শহরের বিদ্যালয় ব্যবস্থা ছেড়ে চলে গিয়েছিল এবং বর্তমানে ফিরে এসেছে;[11] অথবা
- স্থানান্তরণ চাইছে (চ্যান্সেলরের নিয়মাবলী এ-101-এ উল্লিখিত নির্দেশিকার ভিত্তিতে); অথবা
- অন্য কোন কারণবশত যে সমস্ত ছাত্র-ছাত্রীরা উচ্চ বিদ্যালয়ের ভর্তির প্রক্রিয়ায় অংশগ্রহণ করেনি।

পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির জন্য যোগ্য এমন কোন ছাত্র/ছাত্রী যখন ওটিসি ভর্তির জন্য আসে, তার জন্য উপযুক্ত বিদ্যালয় তার আগ্রহ, তার বাড়ির ঠিকানা, কোন কোন বিদ্যালয়ে আসন রয়েছে এবং যেখানে প্রযোজ্য, স্থানান্তরণের নির্দেশিকা অনুসারে করা হয়ে থাকে। ছাত্র-ছাত্রীরা তাদের প্রাথমিক শিক্ষা কোন জিলা থেকে সম্পূর্ণ করেছিল অথবা পূর্ব-বিদ্যালয়ে ভর্তির জন্য কোন জিলায় তাদের মন্ডলায়ন করে রাখা হয়েছে তার উপরে তাদের পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার যোগ্যতা বিচার করা হয়। মন্ডলায়ন বহির্ভুত জিলাগুলিতে, ছাত্র-ছাত্রীদের বোরোর নথিভুক্তকরণ দপ্তরে যোগাযোগ করতে হয়, যেখানে তাকে একজন উপদেষ্টার সঙ্গে সাক্ষা□ করতে হয় যিনি তাদের প্রয়োজন মতো বিকল্পের সন্ধান দেন। কিন্তু, বহু জিলাতে আবার ছাত্র-ছাত্রীরা সরাসরি তাদের মন্ডলায়নকৃত পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে উপস্থিত হতে পারে।

পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির জন্য যোগ্য এমন কোন ছাত্র/ছাত্রী যখন ওটিসি ভর্তির জন্য আসে, তার জন্য উপযুক্ত বিদ্যালয় তার আগ্রহ, তার বাড়ির ঠিকানা, কোন কোন বিদ্যালয়ে আসন রয়েছে এবং যেখানে প্রযোজ্য, স্থানান্তরণের নির্দেশিকা অনুসারে করা হয়ে থাকে। ছাত্র-ছাত্রীদের বোরোর নথিভুক্তকরণ দপ্তরে যোগাযোগ করতে হয়, যেখানে তাকে একজন উপদেষ্টার সঙ্গে সাক্ষা□ করতে হয় যিনি তাদের প্রয়োজন মতো বিকল্পের সন্ধান দেন।

ভর্তির চূড়ান্ত ব্যস্ত সময় আসে বিদ্যালয়গুলি খোলার ঠিক আগের সময় অথবা খোলার সময় যখন হাজারে-হাজারে ছাত্র-ছাত্রী একসঙ্গে ভর্তির জন্য এসে উপস্থিত হয়। ভর্তির চূড়ান্ত ব্যস্ত সময় শুরু হওয়ার আগেই বিদ্যালয়গুলিকে তারা কী পরিমাণ ওটিসি ছাত্র-ছাত্রী আশা করছে তার একটি আনুমানিক সংখ্যা তাদের স্মরণ করিয়ে দেওয়া হয়। এই সংখ্যাটি বিদ্যালয়ের ভর্তির সংখ্যার পূর্বানুমান ও ভর্তি প্রক্রিয়ার ফলাফলের উপর নির্ভরশীল।

[11] চ্যান্সেলরের নিয়মাবলী এ-101-এ যেমনটি বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে, ছাত্র-ছাত্রীদের তাদের আগের বিদ্যালয়ে বিদ্যালয় ছেড়ে যাওয়ার পর থেকে এক বছরের মধ্যে "ফিরে আসার অধিকার" রয়েছে, অবশ্যই যদি আসন থাকে তবেই। অতএব, মন্ডলের বাইরের ছাত্র-ছাত্রীরা ওটিসি ভর্তি হওয়ার জন্য এসে পড়তে পারে এবং তাদের কোন একটি মন্ডলায়ন বিদ্যালয়ে ভর্তির ব্যবস্থা করা হতে পারে।

সংবিভাগ পরিকল্পনা দপ্তর যদি এমনটি সিদ্ধান্ত করে যে, অতিরিক্ত ওটিসি আসনের প্রয়োজন হতে পারে, তাহলে উপলব্ধ আসন-সংখ্যা পুনর্বিবেচনা করা হয় এবং – যদি স্থান অনুমোদন করা হয় – তা সীমিত অ-বাছাইকৃত, শিক্ষাগত বিকল্প বা অ-বাছাইকৃত পদ্ধতিতে ভর্তি নেয় এমন বিদ্যালয়গুলিতে বিন্যস্ত করা হয়।

যে বাছাইকৃত কার্যক্রমগুলির (যেগুলির শিক্ষায়তনগত মানদণ্ড রয়েছে) উচ্চ বিদ্যালয়ে ভর্তির প্রক্রিয়া মাধ্যমে ভর্তির লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার বিগত দুই বছরের অতীত ইতিহাস রয়েছে, সেগুলিকে "বাছাইকৃত-রোহিত" করে ওটিসি করে দেওয়া হয় যাতে ছাত্র-ছাত্রীদের হাতে অধিক সংখ্যক বিকল্প থাকে। উপরন্তু, সংপ্রেষণ ব্যবস্থার মাধ্যমে বাছাইকৃত ও গুণপরীক্ষণ করা হয় এমন বিদ্যালয়গুলি,[12] স্থানান্তরণ বিদ্যালয়গুলি, আন্তর্জাতিক বিদ্যালয়গুলি এবং বৈকল্পিক কার্যক্রমগুলিও প্রদান করা হয়।[13] এইভাবে, ডিওই প্রতিটি ছাত্র-ছাত্রীকেই অসংখ্য বিদ্যালয়ের একটি বিস্তৃততম বিকল্প প্রদানের ব্যবস্থা করে।

ভর্তির চূড়ান্ত ব্যস্ততাপূর্ণ সময়ে ছাত্র-ছাত্রী ভর্তির সংখ্যাটি সময়ের সাথে সাথে ক্রমাগতভাবে বেড়েই চলেছে, যার অর্থ হল, এই সময়ের মধ্যে উপস্থিত হওয়া ছাত্র-ছাত্রীদের কাছে পূর্বের তুলনায় বিকল্পের সংখ্যা দিনে দিনে বৃদ্ধি পেয়েছে। 201-2013 শিক্ষাবর্ষে নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষাদানকারী শহরব্যাপী 597টি বিদ্যালয় ভর্তির চূড়ান্ত ব্যস্ততাপূর্ণ সময়ের মধ্যে ছাত্র-ছাত্রীদের ভর্তি নিয়েছে, যে সংখ্যাটি গত 5 বছর আগে ছিল মাত্র 504টি। অধিকন্তু, ব্রুকলিনে এই সময়ের মধ্যে ভর্তি নেওয়া বিদ্যালয়ের এই সংখ্যাটি 144 থেকে বেড়ে 175 হয়েছে।

B. বিদ্যালয়গুলি

সম্মিলিতভাবে ইনভিক্টাস, জে.এইচ.এস. 218 এবং স্কুল ফর ক্লাসিক্স আগামি 2014-2015 শিক্ষাবর্ষে আনুমানিক 980-1150 জন ছাত্র-ছাত্রীদের ভর্তি করবে বলে পূর্বানুমান করা হচ্ছে। এই অবস্থায়, ইনভিক্টাস তার পূর্ণ বিস্তারে এসে পৌঁছাবে এবং কে218-এর পরিকল্পিত সদ্ব্যবহারের হার আনুমানিক 78-92 শতাংশে এসে দাঁড়াবে।

এই তিনটি বিদ্যালয়ের আনুমানিক ভর্তির সংখ্যাটি নিচে বিভাগ IV–এ প্রদর্শিত হল।

এই ইআইএস-এর সঙ্গে সংযোজিত বিইউপি-এ যেভাবে বিশদে বর্ণনা করা হয়েছে, যদি এই প্রস্তাবটি অনুমোদিত হয়, তাহলে জে.এইচ.এস. 218, দ্য স্কুল ফর ক্লাসিক্স, ইনভিক্টাস এবং বীকন এই বিদ্যালয়গুলিকে দীর্ঘমেয়াদী ভিত্তিতে কে218-এ দেওয়ার মতো পর্যাপ্ত স্থান পাওয়া যাবে, যা শহরব্যাপী শিক্ষা নিশান ("নিশান")-এর অনুবর্তী। এই নিশানটি দেখার জন্য অনুগ্রহ করে ডিওই-এর ওয়েবসাইটটি দেখুন: http://schools.nyc.gov/NR/rdonlyres/78D715EA-EC50-4AD1-82D1-1CAC544F5D30/0/DOEFOOTPRINTSConsolidatedVersion2011_FINAL.pdf.

বিদ্যালয়গুলি কোন শ্রেণি পর্যন্ত শিক্ষাদান করে এবং প্রতিটি শ্রেণিতে ক্লাসের সংখ্যা কত তার ভিত্তিতে বিদ্যালয়গুলিতে শ্রেণিকক্ষ বরাদ্দের ভিত্তি সংখ্যা নির্দিষ্ট করে দেয় এই নিশান। বিদ্যমান বিদ্যালয়গুলির জন্য বিদ্যালগুলির প্রতিটি শ্রেণির বিভাগের উপর এই নিশান প্রযোজ্য, যেখানে শ্রেণিকক্ষের আয়তনকে ধ্রুবক ধরে নেওয়া হয়েছে। স্থানসংকুলান পরিকল্পনা দপ্তরের একজন প্রতিনিধি এরপর সরাসরি বিদ্যালয় ভবন পরিদর্শনের মাধ্যমে এই ভিত্তি সংখ্যা ও বর্তমানে বরাদ্দ স্থানে মোট পরিমাণ সম্পর্কে নিশ্চিত করবেন, যে পরিদর্শনের সময় তাঁর সঙ্গে বিদ্যালয়ের একজন প্রতিনিধিও উপস্থিত থাকবেন।

ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির জন্য এই নিশান ধরে নেয় যে, ছাত্র-ছাত্রীরা এক শ্রেণিকক্ষ থেকে অন্য শ্রেণিকক্ষে স্থানান্তরিত হবে এবং শ্রেণিকক্ষগুলি সর্বাধিক দক্ষতাসম্পন্ন করে তৈরি করা হয়েছে। শিক্ষক/শিক্ষিকাদের জন্য নির্দিষ্ট মনোনীত শ্রেণিকক্ষ থাকা প্রয়োজন বলে নিশান মনে করে না। অধ্যক্ষদের তাঁদের বিদ্যালয়গুলিকে দক্ষতার সঙ্গে সুসংগঠিত করতে বলা হচ্ছে যাতে শ্রেণিকক্ষগুলিকে সমগ্র শিক্ষাবর্ষ জুড়ে একাধিক উদ্দেশ্যে ব্যবহার করা যায়। একটি বিদ্যালয়ে কতগুলি শ্রেণিতে পড়ানো হয় এবং তার ভর্তির মাত্রার উপর ভিত্তি করে ছাত্র-ছাত্রীদের সহায়তা পরিষেবা, সংস্থান কক্ষ ও প্রশাসনিক স্থানের জন্য নিশান প্রতিটি বিদ্যালয়ের জন্য ভিত্তি সংখ্যা পরিমাণ শ্রেণিকক্ষ বরাদ্দ করবে। ভিত্তি সংখ্যা পরিমাণ স্থানের বাইরে অতিরিক্ত যে অংশ পড়ে থাকবে তা সহাবস্থানরত বিদ্যালয়গুলিকে সমহারে বন্টন করে দেওয়া হবে। সমহারে বন্টন নির্দিষ্ট করার জন্য ডিওই বিভিন্ন বিষয় বিবেচনার মধ্যে রাখতে পারে যেমন সহাবস্থানরত বিদ্যালয়গুলিতে ভর্তির তুলনামূলক সংখ্যা, সেগুলির শিক্ষাদান ও কার্যক্রমগত চাহিদা এবং ভবনের মধ্যে অতিরিক্ত পড়ে থাকা অংশের অবস্থান ইত্যাদি।

একটি বিদ্যালয়ে কতগুলি শ্রেণিতে পড়ানো হয় এবং তার ভর্তির মাত্রার উপর ভিত্তি করে ছাত্র-ছাত্রীদের সহায়তা পরিষেবা, সংস্থান কক্ষ ও প্রশাসনিক স্থানের জন্য নিশান প্রতিটি বিদ্যালয়ের জন্য ভিত্তি সংখ্যা পরিমাণ শ্রেণিকক্ষ বরাদ্দ করবে। ভিত্তি সংখ্যা পরিমাণ স্থানের বাইরে অতিরিক্ত যে অংশ পড়ে থাকবে তা সহাবস্থানরত বিদ্যালয়গুলিকে সমহারে বন্টন করে দেওয়া হবে। সমহারে বন্টন নির্দিষ্ট করার জন্য ডিওই বিভিন্ন বিষয় বিবেচনার মধ্যে রাখতে পারে যেমন সহাবস্থানরত বিদ্যালয়গুলিতে ভর্তির তুলনামূলক সংখ্যা, সেগুলির শিক্ষাদান ও কার্যক্রমগত চাহিদা এবং ভবনের মধ্যে অতিরিক্ত পড়ে থাকা অংশের অবস্থান ইত্যাদি।

অন্যান্য সহাবস্থানরত বিদ্যালয়গুলির ক্ষেত্রে যেমনটি ঘটে, ভবনের মধ্যে স্থিত ক্যাফেটেরিয়া এবং জিমখানার মতো বৃহদাকার সাধারণ ও বিশেষ

[12] স্থানান্তরণ বিদ্যালয়গুলি ছোট, শিক্ষাগতভাবে কঠোর পরিশ্রমী উচ্চ বিদ্যালয় যেগুলি পিছিয়ে পড়া বা স্কুল-ছুট ছাত্র-ছাত্রীদের পুনরায় ভর্তি নেওয়ার মতো করে পরিকল্পিত। এই বিদ্যালয়গুলিকে একটি ব্যক্তিনির্দিষ্ট শিক্ষণ পরিবেশ গড়ে তোলার মতো করে এবং ছাত্র-ছাত্রীদের কলেজের সঙ্গে সংযোগ প্রদান করার মতো করে পরিকল্পনা করা হয়েছে। স্থানান্তরণ বিদ্যালয়গুলিতে পাঠরত ছাত্র-ছাত্রীরা একটি উচ্চ বিদ্যালয় ডিপ্লোমাসহ স্নাতক প্রাপ্ত হয়। স্থানান্তরণ বিদ্যালয়গুলি সম্পর্কে আরও বিশদে জানতে, অনুগ্রহ করে ডিওই-এর নিচে দেওয়া সাইটটি দেখুন: www.goingforme.org.

[13] আন্তর্জাতিক বিদ্যালয়গুলিকে সাম্প্রতিককালে অভিবাসন নিয়ে আসা ছাত্র-ছাত্রীদের একটি অদ্বিতীয় শিক্ষাদানের প্রতিমানের মাধ্যমে উৎকর্ষতাপূর্ণ শিক্ষা প্রদান করার জন্য পরিকল্পনা করা হয়েছে।

কক্ষগুলিকে বিদ্যালয়গুলি ভাগাভাগি করে ব্যবহার করে। যৌথ এলাকাগুলিতে স্থান বরাদ্দকরণ সম্পর্কে সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ করবে ভবন পরিষদ, যা সহাবস্থানরত বিদ্যালগুলির অধ্যক্ষ ও ডিওই-এর স্থানসংকুলান পরিকল্পনা দপ্তরকে নিয়ে সম্মিলিতভাবে গঠিত। যৌথ এলাকা সংক্রান্ত কমিটির সদস্যগণ বছরে অন্ততপক্ষে চার বার করে নিজেদের মধ্যে মিলিত হবে এবং বিইউপ ও যৌথ এলাকা সংক্রান্ত বিষয়ে ভবন পরিষদের কাছে তাঁদের প্রতিবেদন পেশ করবে।

এই মুহূর্তে কে218-এর আর কোন প্রস্তাবিত ব্যবহারের বিষয় নেই।

C. সমুদায়

ডিওই অভিভাবকদের পছন্দকে সম্মান করে এবং পরিবারগুলি যাতে তাঁদের শিশুদের চাহিদা অনুযায়ী উচ্চ মানসম্পন্ন বিদ্যালয়গুলিতে ভর্তি করাতে পারে তার নিশ্চিত করার জন্য যথাসাধ্য চেষ্টা করে। ইনভিক্টাস পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষাদান করে এবং বর্তমানে পঞ্চম থেকে অষ্টম শ্রেণিতে উন্নীতকরণের পর্যায়ে রয়েছে। এই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ভবিষ্যতে অষ্টম শ্রেণি পর্যন্ত এই বিদ্যালয়ে পড়তে পারবে বলে অনুমান করা হচ্ছে। এই সহাবস্থানের সম্প্রসারণ এটি নিশ্চিত করবে যে, এর ছাত্র-ছাত্রীরা প্রত্যাশা মতোই তাদের শিক্ষাগ্রহণ করে যাবে।

রাজ্য সরকারের অনুদানপ্রাপ্ত বিদ্যালয় আইন মোতাবেক চার্টার বিদ্যালয়গুলিকে বিকলাঙ্গতাযুক্ত ছাত্র-ছাত্রী এবং বিনামূল্য বা সমুদায় বিদ্যালয় জিলার ছাত্র-ছাত্রীদের তুলনায় এসইডি দ্বারা নির্ধারিত কম মূল্যে মধ্যাহ্নভোজন পাওয়ার যোগ্য ছাত্র-ছাত্রী ইংরেজি ভাষা শিক্ষার্থীদের ("ইএলএলএস") ভর্তির জন্য আকর্ষিত করা ও বজায় রাখার জন্য শুভবুদ্ধি সম্পন্ন প্রচেষ্টা প্রদর্শন করতে হবে।

নিউ ইয়র্ক শহরের অনুদানপ্রাপ্ত বিদ্যালয়গুলি সম্বন্ধে বিস্তারিত তথ্য বাৎসরিকভাবে প্রকাশ করা হয় এবং তা মুদ্রিত আকারে বা ডিওই-এর ওয়েবসাইট থেকে পাওয়া যাবে। http://schools.nyc.gov/community/planning/charters/Directory.htm.

এই প্রস্তাবের ফলে কে218-এ বিদ্যালয় ভবন ব্যবহার সংক্রান্ত অনুমোদন পাওয়ার জন্য সমুদায় সদস্য ও সংগঠনগুলিকে পাওয়ার ব্যাপারে কোন প্রভাব পড়বে এমনটি প্রত্যাশিত নয়। কে078-এর বর্তমান স্থানে অধিগমন করার ব্যাপারে (ক্রিয়াশীলতা সংক্রান্তই নয়, সম্পূর্ণ কার্যক্রমগত ভাবেই অধিগমন যোগ্য) এই প্রস্তাব কোন প্রভাব ফেলতে পারে এমনটি প্রত্যাশিত নয়।

IV. নথিভুক্তকরণ, ভর্তি এবং বিদ্যালয়ের অবদান সংক্রান্ত তথ্যাবলী

ইনভিক্টাস

ভর্তি সংক্রান্ত উপাত্ত

বর্তমানে ভর্তির তথ্য	**গ্রেড 5-7:** চার্টার লটারির আবেদন প্রক্রিয়া (5-6 শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হয়)
কে218-এ ইনভিক্টাস-এর প্রস্তাবিত দীর্ঘমেয়াদী সহাবস্থানের পরবর্তীতে ভর্তি	**গ্রেড 5-8:** চার্টার লটারির আবেদন প্রক্রিয়া (ছাত্র-ছাত্রীদের 5-6 শ্রেণি পর্যন্ত ভর্তি করা হয়)

ভর্তি সংক্রান্ত উপাত্ত[14]

	গ্রেড 5	গ্রেড 6	গ্রেড 7	গ্রেড 8	মোট নথিভুক্তকরণ
2013-2014 (পূর্বানুমান)	72	83	78	-	233
2014-2015 (পূর্বানুমান)	80-105	80-105	80-105	80-105	320-420

[14] সমস্ত সংখ্যাগুলি 28শে জুন, 2013 তারিখ পর্যন্ত চার্টার-এর পূর্বানুমানকে প্রদর্শিত করে।

জনসংখ্যাবিষয়ক উপাত্ত[15]

আইসিটি বা এসসি পরিষেবাসমূহ পাচ্ছে এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	1%
আইইপি-সহ ছাত্র-ছাত্রীদের শতাংশ	16%
ইএলএল ছাত্র-ছাত্রীদের শতাংশ	1%
বিনামূল্যে বা কম মূল্য মধ্যাহ্নভোজন পাবার যোগ্য এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	86%

অবদানগত উপাত্ত

ইনভিক্টাস প্রিপেরাটরি চার্টার স্কুল	2009-2010	2010-2011	2011-2012
বিদ্যালয়ের অবদান ও অগ্রগতি			
সার্বিক অগ্রগতি পত্রের মান	এন/এ[16]	এন/এ	এন/এ
উৎকর্ষতা পরিদর্শনে প্রাপ্ত মান[17]	এন/এ[18]	এন/এ	এন/এ
অবদানগত উপাত্ত			
ইংরেজি ভাষা শিক্ষার দক্ষতার শতাংশ (পর্যায় 3 ও 4)	এন/এ	এন/এ	30%
গণিতে দক্ষতার শতাংশ (পর্যায় 3 ও 4)	এন/এ	এন/এ	43%
অন্যান্য মূলগত অবদান নির্দেশক			
উপস্থিতির হার	এন/এ	এন/এ	95%
2012-2013 রাজ্যের দায়বদ্ধতার অবস্থা	এন/এ[19]		

জে.এইচ.এস. 218

ভর্তি সংক্রান্ত উপাত্ত

বর্তমানে ভর্তির তথ্য	**ভর্তির পদ্ধতিসমূহ:** মন্ডলায়িত, বাছাইকৃত
কে218-এ ইনভিক্টাস-এর প্রস্তাবিত দীর্ঘমেয়াদী সহাবস্থানের পরবর্তীতে ভর্তি	**ভর্তির পদ্ধতিসমূহ:** মন্ডলায়িত, বাছাইকৃত

ভর্তি সংক্রান্ত উপাত্ত[20]

[15] সমস্ত সংখ্যাগুলি 26শে অক্টোবর, 2012 তারিখ পর্যন্ত মোট ছাত্র-ছাত্রী সংখ্যার শতাংশ।

[16] ইনভিক্টাস এই ভবনে তার অবস্থিতি সম্পূর্ণ করবে 2013-2014-এ, এবং তাই এখনও পর্যন্ত সে কোন অগ্রগতিপত্র পায়নি।

[17] উৎকর্ষতা পরিদর্শন বিদ্যালয়গুলিকে নিম্নোক্ত চার-দফা ক্রম অনুযায়ী মূল্যাঙ্কন করে: "অনুন্নত" বা "ইউ" (সম্ভাব্য নিম্নতম মূল্যাঙ্কন), "উন্নতশীল" বা "ডি", "দক্ষ" বা "পি" এবং "যথেষ্ট উন্নত" বা "ডব্লিউডি" (সম্ভাব্য সর্বোচ্চ মূল্যাঙ্কন)। উৎকর্ষতা পরিদর্শন সংক্রান্ত আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ডিওই-এর এই ওয়েবসাইটটি দেখুন: http://schools.nyc.gov/Accountability/tools/review.

[18] সমস্ত বিদ্যালয়গুলিতেই প্রতিবছর উৎকর্ষতা পরিদর্শন করা হয় না।

[19] এসইডি 2012-2013-এর ফলাফলপত্র প্রকাশিত করেনি যার মধ্যে রাজ্যের দায়বদ্ধতার অবস্থা অন্তর্ভুক্ত থাকে।

	গ্রেড 6	গ্রেড 7	গ্রেড 8	মোট নথিভুক্তকরণ
2013-2014 (পূর্বানুমান)	127	143	192	462
2014-2015 (পূর্বানুমান)	120-130	120-130	140-150	380-410

জনসংখ্যাবিষয়ক উপাত্ত[21]

আইসিটি বা এসসি পরিষেবাসমূহ পাচ্ছে এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	16%
আইইপি-সহ ছাত্র-ছাত্রীদের শতাংশ	20%
ইএলএল ছাত্র-ছাত্রীদের শতাংশ	15%
বিনামূল্যে বা কম মূল্য মধ্যাহ্নভোজন পাবার যোগ্য এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	92%

বিদ্যালয়ের অবদানগত উপাত্ত

জে.এইচ.এস. 218 জেমস পি. সিনট	2009-2010	2010-2011	2011-2012
বিদ্যালয়ের অবদান ও অগ্রগতি			
সার্বিক অগ্রগতি পত্রের মান	B	B	C
উৎকর্ষতা পরিদর্শনে প্রাপ্ত মান[22]	এন/এ[23]	ইউডি	ডি
অবদানগত উপাত্ত			
ইংরেজি ভাষা শিক্ষার দক্ষতার শতাংশ (পর্যায় 3 ও 4)	27%	28%	25%
গণিতে দক্ষতার শতাংশ (পর্যায় 3 ও 4)	45%	48%	41%
অন্যান্য মূলগত অবদান নির্দেশক			
উপস্থিতির হার	90%	89%	90%
2012-2013 রাজ্যের দায়বদ্ধতার অবস্থা	ফোকাস স্কুল[24]		

[20] নিচের সমস্ত সংখ্যাগুলি 2013-2014 বাজেট রেজিস্টারের পূর্বানুমান থেকে গৃহীত।

[21] সমস্ত সংখ্যাগুলি 2012-2013-এর অডিট রেজিস্টার থেকে মোট ছাত্র-ছাত্রী সংখ্যার শতাংশ হিসেবে প্রদত্ত (26শে অক্টোবর, 2012 পর্যন্ত)।

[22] উৎকর্ষতা পরিদর্শন বিদ্যালয়গুলিকে নিম্নোক্ত চার-দফা ক্রম অনুযায়ী মূল্যাঙ্কন করে: "অনুন্নত" বা "ইউ" (সম্ভাব্য নিম্নতম মূল্যাঙ্কন), "উন্নতশীল" বা "ডি", "দক্ষ" বা "পি" এবং "যথেষ্ট উন্নত" বা "ডব্লিউডি" (সম্ভাব্য সর্বোচ্চ মূল্যাঙ্কন)। উৎকর্ষতা পরিদর্শন সংক্রান্ত আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ডিওই-এর এই ওয়েবসাইটটি দেখুন: http://schools.nyc.gov/Accountability/tools/review.

[23] সমস্ত বিদ্যালয়গুলিতেই প্রতিবছর উৎকর্ষতা পরিদর্শন করা হয় না।

[24] এই অবস্থা নিউ ইয়র্ক রাজ্যের কোন শিশুই পিছিয় নেই আইনের দাবিত্যাগের অধীনে এসইডি দ্বারা নির্ধারিত হয়। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে নিচে দেওয়া এসইডি-এর ওয়েবসাইটটি দেখুন http://www.p12.nysed.gov/accountability/ESEADesignations.html.

দ্য স্কুল ফর ক্লাসিক্স

ভর্তি সংক্রান্ত উপাত্ত

বর্তমানে ভর্তির তথ্য	**গ্রেড 9-12:** শহরব্যাপী উচ্চ বিদ্যালয়ে আবেদন প্রক্রিয়া **ভর্তির পদ্ধতিসমূহ:** সীমিত অ-বাছাইকৃত
কে218-এ ইনস্টিটিউট-এর প্রস্তাবিত দীর্ঘমেয়াদী সহাবস্থানের পরবর্তীতে ভর্তি	**গ্রেড 9-12:** শহরব্যাপী উচ্চ বিদ্যালয়ে আবেদন প্রক্রিয়া **ভর্তির পদ্ধতিসমূহ:** সীমিত অ-বাছাইকৃত

ভর্তি সংক্রান্ত উপাত্ত[25]

	মোট নথিভুক্তকরণ
2013-2014 (পূর্বানুমান)	298
2014-2015 (পূর্বানুমান)	280-320

জনসংখ্যাবিষয়ক উপাত্ত[26]

আইসিটি বা এসসি পরিষেবাসমূহ পাচ্ছে এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	16%
আইইপি-সহ ছাত্র-ছাত্রীদের শতাংশ	20%
ইএলএল ছাত্র-ছাত্রীদের শতাংশ	11%
বিনামূল্যে বা কম মূল্য মধ্যাহ্নভোজন পাবার যোগ্য এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	84%

বিদ্যালয়ের অবদানগত উপাত্ত

[25] নিচের সমস্ত সংখ্যাগুলি 2013-2014 বাজেট রেজিস্টারের পূর্বানুমান থেকে গৃহীত।
[26] সমস্ত সংখ্যাগুলি 2012-2013-এর অডিট রেজিস্টার থেকে মোট ছাত্র-ছাত্রী সংখ্যার শতাংশ হিসেবে প্রদত্ত (26শে অক্টোবর, 2012 পর্যন্ত)।

দ্য স্কুল ফর ক্লাসিক্স: চিন্তাবিদ, লেখক ও কৃতীদের শিক্ষাঙ্গন	2009-2010	2010-2011	2011-2012
বিদ্যালয়ের অবদান ও অগ্রগতি			
সার্বিক অগ্রগতি পত্রের মান	এন/এ[27]	এন/এ	A
উৎকর্ষতা পরিদর্শনে প্রাপ্ত মান[28]	এন/এ[29]	এন/এ	ডব্লিউডি
অবদান ও অগ্রগতির মূল উপাদানগুলি			
বর্ষ 1-এ %10+ কৃতিত্ব অর্জন	96%	85%	89%
4 বছরের স্নাতকত্বের হার	এন/এ	এন/এ	85%
6 বছরের স্নাতকত্বের হার	এন/এ	এন/এ	এন/এ
রিজেন্ট ডিপ্লোমা-সহ স্নাতকত্বের শতাংশ	এন/এ	এন/এ	85%
উপস্থিতির হার	89%	87%	85%
2012-2013 রাজ্যের দায়বদ্ধতার অবস্থা	উৎকৃষ্ট অবস্থায়		

V. বাজেট ও শিক্ষাদান সংক্রান্ত ব্যয়ে প্রারম্ভিক প্রভাব

এই প্রস্তাবের ফলে ইনভিক্টাস, জে.এই.এস 218 বা দ্য স্কুল ফর ক্লাসিক্স-এর ব্যয় বা বরাদ্দে কোন প্রভাব পড়বে এমনটি প্রত্যাশিত নয়।

সাধারণ শিক্ষামূলক চার্টার বিদ্যালয়গুলির শিক্ষার্থী-প্রতি হার রাজ্য সরকারের শিক্ষা দপ্তর (এসইডি) কর্তৃক নির্ধারণ করা হয়ে এবং তার ফর্মুলাটি অন্যান্য সমস্ত সরকারি বিদ্যালয় জিলার প্রচলিত ফর্মুলার উপর ভিত্তি করেই তৈরি। এই ফর্মুলায় মোট অনুমোদনযোগ্য শিক্ষার্থী একক ("টিএপিইউ")-কে জিলার অনুমোদিত পরিচালন ব্যয় ("এওই") দিয়ে ভাগ করা। বিশেষ শিক্ষাগত অনুদান হল এমন এক বরাদ্দ যা পাওয়ার জন্য সরকারি অনুদানপ্রাপ্ত বিদ্যালয়গুলি যোগ্য বলে বিবেচিত হতে পারে এবং সেই সমস্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষাদানের জন্য এই অর্থ পেতে পারে যারা আইইপি-এর নির্দেশ মতো সপ্তাহে 20 শতাংশের বেশি বিশেষ শিক্ষা পরিষেবা পায়।

1998 সালের নিউ ইয়র্ক রাজ্য সরকারি অনুদানপ্রাপ্ত বিদ্যালয় আইন (সংশোধিত) অনুসারে, পাঁচ হাজার ডলারের অতিরিক্ত কোন ধরনের প্রস্তাবিত আর্থিক বা সুযোগ-সুবিধাগত উন্নতিকরণে জন্য চ্যান্সেলর বা তাঁর তরফে স্বীকৃত কোন আধিকারিককে প্রথমে লিখিত আকারে অনুমোদন দিতে হবে, অর্থের উৎস ব্যতিরেকে, যা একটি সরকারি অনুমোদনপ্রাপ্ত বিদ্যালয়কে কোন একটি সরকারি বিদ্যালয় ভবনে অন্য বিদ্যালয়ের সঙ্গে সহাবস্থানের বন্দোবস্তকরণে প্রয়োজন। চ্যান্সেলর দ্বারা অনুমোদিত এই ধরনের বিকাশ বা উন্নয়নের জন্য আর্থিক বা সুযোগ-সুবিধাগত উন্নয়নের আর্থিক মূল্য হবে উক্ত সরকারি বিদ্যালয় ভবনের সরকারি অনুদানপ্রাপ্ত বিদ্যালয়গুলিকে অনুদান বহির্ভূত বিদ্যালয়গুলির জন্য যে আর্থিক ব্যয়ভার বহন করতে হয় তার সমপরিমাণ অর্থ।

বর্তমানে কে 218-এর জন্য কোন আর্থিক বা সুযোগ-সুবিধাগত উন্নয়নের প্রয়োজন নেই যার জন্য এই প্রস্তাবের কারণে কোন আর্থিক অনুদানের দরকার হবে। এইভাবে, ডিওই এটি বিশ্বাস করে না যে, এই প্রস্তাবের কারণে কোন ধরনের প্রারম্ভিক ব্যয়ভার বহন করার প্রয়োজন আছে।

[27] 2011-2012 শিক্ষাবর্ষে উন্নতির ধাপ সম্পূর্ণকারী বিদ্যালয়গুলির জন্য। অতএব, দ্য স্কুল ফর ক্লাসিক্স 2009-2010 এবং 2010-2011-এ কোন সামগ্রিক অগ্রগতি পত্রের মান পায়নি..

[28] উৎকর্ষতা পরিদর্শন বিদ্যালয়গুলিকে নিম্নোক্ত চার-দফা ক্রম অনুযায়ী মূল্যাঙ্কন করে: "অনুন্নত" বা "ইউ" (সম্ভাব্য নিম্নতম মূল্যাঙ্কন), "উন্নতশীল" বা "ডি", "দক্ষ" বা "পি" এবং "যথেষ্ট উন্নত" বা "ডব্লিউডি" (সম্ভাব্য সর্বোচ্চ মূল্যাঙ্কন)। উৎকর্ষতা পরিদর্শন সংক্রান্ত আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ডিওই-এর এই ওয়েবসাইটটি দেখুন: http://schools.nyc.gov/Accountability/tools/review.

[29] সমস্ত বিদ্যালয়গুলিতেই প্রতিবছর উৎকর্ষতা পরিদর্শন করা হয় না।

VI. কর্মীর প্রয়োজনীয়তা, প্রশাসন, পরিবহন এবং অন্যান্য সহায়তা পরিষেবাসমূহের উপর প্রভাব

A. কর্মীর প্রয়োজনীয়তা

কে 218-এ ইনভিক্টাস-এর প্রস্তাবিত দীর্ঘমেয়াদী সহাবস্থানের কারণে জে.এই.এস. 218 বা দ্য স্কুল ফর ক্লাসিক্স-এ নিয়োজিত কর্মচারির সংখ্যায় কোন পরিবর্তন করতে হবে এমনটি প্রত্যাশিত নয়, এমনকি কে218-এ বর্তমানে কর্তব্যরত কর্মচারিদের দায়িত্ব বন্টনেও কোন ধরনের ফের-বদল করার প্রয়োজন হবে না।

ইনভিক্টাস-এ যেহেতু একটি নতুন শ্রেণি সংযোজিত হতে চলেছে তাই এই বিদ্যালয়ে 2014-2015 শিক্ষাবর্ষে অতিরিক্ত কর্মচারি নিয়োগ করতে হবে। 2014-2015 শিক্ষাবর্ষের জন্য এবং তৎপরবর্তী শিক্ষাবর্ষগুলিতে প্রয়োজনীয় অতিরিক্ত কর্মী নিয়োগের নির্দিষ্ট সংখ্যাটি সরকারি অনুদানপ্রাপ্ত বিদ্যালয়ের পরিচালকমন্ডলী নির্ধারণ করবে। এই ধরনের সিদ্ধান্তগুলি সংশ্লিষ্ট বিদ্যালয়ের চাহিদা ও বাজেট সংক্রান্ত বিষয়গুলিকে বিবেচনায় রেখে বিদ্যালয়গতভাবেই গৃহীত হবে।

B. প্রশাসন

এই প্রস্তাবের ফলে জে.এইচ.এস 218 বা দ্য স্কুল ফর ক্লাসিক্স-এ তত্ত্বাবধানমূলক বা প্রশাসনিক পদগুলিতে কোন পরিবর্তনের প্রয়োজন হবে এমনটি প্রত্যাশিত নয়।

এই প্রস্তাবটি অনুমোদিত হলে, ইনভিক্টাস সমগ্র উন্নীতকরণ পর্ব জুড়ে যেমন-প্রয়োজন ভিত্তিতে বিদ্যালয় অধিক্ষক এবং/অথবা প্রশাসনিক কর্মচারি নিয়োগ করতে পারে।

C. পরিবহন

চ্যান্সেলরের নিয়মাবলী A-801 অনুযায়ী পরিবহণ পরিষেবা প্রদান করা চালিয়ে যাওয়া হবে: http://schools.nyc.gov/NR/rdonlyres/21A1B11A-886B-4F74-9546-E875EE82A14C/40303/A801.pdf. এই প্রস্তাবের ফলে ইনভিক্টাস, জে.এই.এস. 218 বা দ্য স্কুল ফর ক্লাসিক্স-এর পরিবহণ সংক্রান্ত উপস্থিত রীতি-নীতিগুলির পরিবর্তন করতে হবে এমনটি প্রত্যাশিত নয়।

D. অন্যান্য সহায়তা পরিষেবাদি

কয়েকটি নির্দিষ্ট সহায়তা পরিষেবাসমূহের সংস্থান সম্বন্ধে উপরে বর্ণনা করা হল। অন্যান্য সহায়তা পরিষেবাসমূহ শহরব্যাপী প্রচলিত নীতির সঙ্গে সংগতিপূর্ণভাবেই প্রদান করা হবে।

VII. ভবন সংক্রান্ত তথ্যাবলী

ভবন		K218
ভবনের ধরন		মধ্য
নির্মাণের বছর		1964
বিসিএস-এর সার্বিক মূল্যাঙ্কন		2.61
2011-2012-এর অতীষ্ট ভবন সদ্ব্যবহার		80%
2011-2012-এর ভবনের অতীষ্ট ধারণক্ষমতা		1,253
2012 আর্থিকবর্ষের রক্ষণাবেক্ষণজনিত ব্যয়	শ্রম	$23,057
	উপাদান	$10,475
	রক্ষণাবেক্ষণ ও মেরামতি ঠিকা	$114,843
	পরিষেবাসংক্রান্ত ঠিকা	$0
	অভিরক্ষা পরিচালনজনিত ব্যয় – উপাদান	$10,840
	অভিরক্ষা পরিচালনজনিত ব্যয় – অভিরক্ষাজনিত বরাদ্দ	$308,417
2012 আর্থিকবর্ষের শক্তি সংক্রান্ত ব্যয়	বিদ্যুৎ	$181,037
	গ্যাস	$58,787
	বাষ্প	$0
	তেল	$0
বর্তমান বা পূর্ববর্তী শিক্ষাবর্ষে সম্পূর্ণ হওয়া প্রকল্পসমূহ		এফওয়াই13 রেসো একটি খেলার মাঠের পুনর্নির্মাণ
মূল পরিকল্পনায় প্রস্তাবিত প্রকল্পসমূহ		বিজ্ঞান গবেষণাগারের উন্নয়ন, ভিতরে প্রবেশ করা যায় এমন (ওয়াক-ইন) ফ্রীজারের প্রতিস্থাপন
ভবনের সুগম্যতা		ক্রিয়াশীলতার নিরীখে ভবনটি কার্যক্রমগতভাবে সম্পূর্ণরূপে সুগম্য নয়
ভবনের বিশেষতা		প্রেক্ষাগৃহ, ক্যাফেটেরিয়া, কম্পিউটার কক্ষ, জিমখানা, গ্রন্থাগার, সেবিকার দপ্তর, বিজ্ঞান গবেষণাগার